মেহেরপুরের গাংনীতে জেলা ছাত্রদল ও বিএনপি’র উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

মেহেরপুরের গাংনীতে করোনায় কর্মহীন হয়ে পড়া অসহায় পরিবারের মাঝে জেলা ছাত্রদল সাহারবাটি ইউনিয়ন ও উপজেলা বিএনপি কাথুলী ইউনিয়নে খাদ্য সামগ্রী বিতরণ করেছে।

মেহেরপুর জেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টনের সার্বিক সহযোগীতায় মঙ্গলবার সকাল ৬ টায় বাংলাদেশ জেলা জাতীয়তাবাদী ছাত্রদলের উদ্যোগে সাহারবাটি ইউনিয়নে করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে লকডাউনে থাকা ২২০টি কর্মহীন ও অসহায় পরিবারকে এ সহায়তা প্রদান করা হয়।

পরে সকাল ৭ টার সময় কাথুলী ইউনিয়নের রামকৃষ্ণপুর ধলা সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে উপজেলা বিএনপি’র উদ্যোগে ২০০ পরিবারের মাঝে এ খাদ্য প্রদান করা হয়। উপজেলা বিএনপি’র সভাপতি ও তেতুলবাড়িয়া ইউনিয়নের সাবেক চেয়ারম্যান রেজাউল হকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য ও মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুন।

এছাড়াও জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, যুবদল নেতা আক্তারুজ্জামান, জেলা বিএনপির সাহিত্য ও প্রকাশনা বিষয়ক সম্পাদক প্রভাষক আক্তাজ্জামান, জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আব্দাল হক, সাধারণ সম্পাদক কাউছার আলী,

গাংনী উপজেলা স্বেচ্ছা সেবক দলের সভাপতি শহিদুল ইসলাম, বিএনপি নেতা জাফর আকবর, হাসানুজ্জামান, সাহেব আলী সেন্টু, সাবেক ছাত্রদল নেতা আক্তারুজ্জামান লাভলু, কামরুল ইসলাম, বিএনপি নেতা সাহিদুল ইসলাম, জামাল আহমেদ, সালাউদ্দীন, জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হোসেন, গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাস, যুগ্ম আহবায়ক নাসিম খাদ্য বিতরণ কাজে উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ছাত্রলীগ নেতার ঈদ উপহার বিতরণ

করোনা মহামারীর কারণে সাধারণ অসহায় কর্মহীন খেটে খাওয়া মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

বুধবার সকাল ১০ টার সময় মেহেরপুর সদর উপজেলার আমদাহ গ্রামে জেলা শাখা ছাত্র লীগের সহ-সভাপতি তানভিরের নিজ উদ্যোগে ৫০০ টি পরিবারের মধ্যে এই ঈদ সামগ্রী বিতরণ করে।

তানভির জানান, বিগত ৩০ এ এপ্রিল প্রায় ৩০০ পরিবারের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করছি।

তারই পরিপেক্ষিতে আজ আমরা ৫০০ পরিবারের মধ্যে এই ঈদ উপহার সামগ্রী বিতরণ করেছি। আশা করি আগামীতেও সহযোগিতা করবো ইনশাআল্লাহ।

মেহেরপুরে কৃষকের ধান কেটে দিলেন যুবলীগ

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির নির্দেশ অনুযায়ী সদর উপজেলা দক্ষিণ শালিকা গ্রামে কৃষকের ধান কেটে দিলেন যুবলীগ নেতাকর্মীরা।

গতকাল সামবার বিকালে দক্ষিণ শালিকা গ্রামে কৃষকের ১ বিঘা ধান কেটে দিলো যুবলীগ নেতা কর্মীরা।

জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক হিরন জানান, সব সময় সৎ কাজে নিয়োজিত থাকি। আমাদের এই কর্মসূচি করোনা মোকাবেলায় গরিব

কৃষকরা ধান কাটতে পারছেনা তারই পরিপেক্ষিতে জনপ্রসাশন প্রতিমন্ত্রির নির্দেশে আমরা এই ধান কাটা কর্ম সূূূচি পালন করে যাচ্ছি।

তিনি আরও বলেন, এখন পর্যন্ত যারা ধান কাটতে পারেননি তারা আমাদের খবর দিলে আমরা তাদের পাশে দাড়াবো।

এসময় উপস্থিত ছিলেন, জেলা ছাত্র লীগের সধারণ সম্পাদক বায়েজিদ বোস্তামিজ, জেলা মুক্তিযোদ্ধা প্রজন্মলীগের আহবায়ক রন্টু জোয়ার্দ্দার, যুুগ্ন আহবায়ক তারিকুল ইসলাম রাজিব, যুবলীগ নেতা মিজানুর রহমান মিজান, রাজু আহমে, লিটন, আজিম, রনি সহ দলীয় নেতা কর্মীরা।

বিএনপির পিঠ দেয়ালে ঠেকে গেছে: কাদের

করোনাভাইরাস সংকটে বিএনপি দায়িত্বশীল রাজনৈতিক দলের ভূমিকা পালন ও জনগণের পাশে না দাঁড়িয়ে সরকারের বিরুদ্ধে বিষোদগার করছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। নেতিবাচক রাজনীতির কারণে বিএনপির পিঠ দেয়ালে ঠেকে গেছে বলেও এসময় মন্তব্য করেন তিনি।

সোমবার সকালে রাজধানীতে তার সরকারি বাসভবনে ব্রিফিংয়ে এসব কথা বলেন ওবায়দুল কাদের। এই সংকটে পরীক্ষিত নেতৃত্ব প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি দেশবাসীকে আস্থা রাখার আহবান জানান আওয়ামী লীগ সাধারণ সম্পাদক। বলেন, সবার সম্মিলিত প্রয়াসে চলমান দুর্দিন কেটে যাবে এবং সংকটের রাত যত গভীর হবে সম্ভাবনার সুবর্ণ সকাল ততই ঘনিয়ে আসবে।

ওবায়দুল কাদের বলেন, ঈদকে সামনে রেখে দলে দলে মানুষ গ্রামের দিকে যাচ্ছে। এছাড়া কেনাকাটার নামে শপিংমলে অতিরিক্ত ভিড় সংক্রমণের ঝুঁকি বাড়াচ্ছে। এসময় সবাইকে যার যার অবস্থানে থেকে স্বাস্থবিধি মেনে ঈদের ছুটি কাটানোর আহ্বান জানান তিনি।

আওয়ামী লীগের নেতাকর্মীরা করোনা মহামারীর শুরু থেকেই অসহায় গরিব মানুষের পাশে রয়েছে জানিয়ে দলের সাধারণ সম্পাদক তাদের ধন্যবাদ জানান। বলেন, আসন্ন ঈদে দলীয় নেতাকর্মীদেরকে কর্মহীন বেকার ভাসমান মানুষের পাশে থাকার আহবান জানাই।

করোনা যুদ্ধে ফ্রন্টলাইনে যারা যুদ্ধ করছেন তাদের মনোবল ও হতাশ না হয়ে সাহসের সঙ্গে কাজ করার আহ্বানও জানান সেতুমন্ত্রী।

সরকারের বিরুদ্ধে অপপ্রচারে স্বার্থান্বেষী মহল: ওবায়দুল কাদের

ক্ষমতাসীন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, সামাজিক যোগাযোগমাধ্যমসহ বিভিন্ন ক্ষেত্রে একটি স্বার্থান্বেষী মহল সরকারের বিরুদ্ধে তথ্য লুকোচুরির কাল্পনিক ও উদ্দেশ্যমূলক অপপ্রচার করে যাচ্ছে। তাদের থেকে সতর্ক থাকতে হবে।

শুক্রবার সকালে ধানমণ্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে দলটির ত্রাণ উপকমিটি আয়োজিত করোনা প্রতিরোধ সামগ্রী বিতরণের আগে তার বাসা থেকে ভিডিও কনফারেন্সে সংযুক্ত হয়ে তিনি এ কথা বলেন।

ওবায়দুল কাদের বলেন, করোনা পরিস্থিতিতে ‘ক্রাসিস ম্যানেজার’ হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সততা ও দক্ষতার যে দৃষ্টান্ত স্থাপন করেছেন তা ’৭৫- পরবর্তী ইতিহাসে নজিরবিহীন।

তিনি বলেন, ইতিমধ্যেই যারা মৃত্যুবরণ করেছেন, ঢালাওভাবে বলা হচ্ছে সবাই করোনায় মৃত্যুবরণ করেছেন, প্রকৃতপক্ষে মৃত্যুর পর পরীক্ষা করে দেখা যাচ্ছে কেউ পজিটিভ এবং নেগেটিভ দুটোই আসছে। কিন্তু এসব মৃত্যু নিয়েও অনেকে মিথ্যাচার করছেন।

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, জাতীয় ও আন্তর্জাতিক একটি মহল সরকারের বিরুদ্ধে অপপ্রচার চালিয়ে বিভ্রান্তি সৃষ্টির অপতৎপরতায়

লিপ্ত। তারা সামাজিক যোগাযোগমাধ্যমে টুইস্ট করে অপপ্রচার তথা গুজব চালাচ্ছেন।

সেতুমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী ইতিমধ্যে ১ লাখ কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছেন। এছাড়াও ১ কোটি মানুষের মাঝে রেশন কার্ড চালু করা হয়েছে এবং ৫০ লাখ মানুষের মাঝে নগদ সহায়তা কর্মসূচি চালু করা হয়েছে।

ঈদকে সামনে রেখে এসব উদ্যোগ গ্রামীণ অর্থনীতিতে ইতিবাচক প্রভাব ফেলবে বলে মনে করেন ওবায়দুল কাদের।

পরে বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের মাঝে প্রতিনিধির মাধ্যমে করোনাভাইরাস প্রতিরোধ সামগ্রী ও চিকিৎসা সরঞ্জাম বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন আওয়ামী লীগের উপদেষ্টামণ্ডলীর সদস্য একেএম রহমতুল্লাহ, বেগম মতিয়া চৌধুরী, ত্রাণ ও সমাজকল্যাণ সম্পাদক সুজিত রায় নন্দী, স্বাস্থ্যবিষয়ক সম্পাদক ডা. রোকেয়া সুলতানা ও উপদফতর সম্পাদক সায়েম খান। সূত্র-যুগান্তর

সরকারি ত্রাণ মজুদে মেতেছে আ’লীগ নেতারা: বিএনপি নেতা সরোয়ার

বিএনপির যুগ্ম-মহাসচিব ও বরিশাল মহানগর সভাপতি অ্যাডভোকেট মো. মজিবর রহমান সরোয়ার বলেন, করোনার এই মহামারীতে দেশজুড়ে সাধারণ মানুষকে দেয়া সরকারি সহায়তার চাল, ডাল, তেল চুরি, অবৈধ মজুদ করতে মেতে উঠেছে আওয়ামী লীগের নেতাকর্মীরা।

বৃহস্পতিবার বরিশাল সিটির ১০ ও ১১ নং ওয়ার্ডে করোনায় কর্মহীন ৬ শতাধিক মানুষের মাঝে খ্যাদ্যসামগ্রী উপহার প্রদানকালে তিনি এ সব কথা বলেন।

সরোয়ার বলেন, বিএনপি গণমানুষের জন্য রাজনীতি করে। তাই দেশের যে কোনো দুর্যোগকালীন বিএনপি মানুষের কল্যাণে এগিয়ে এসেছে।

এ সময় উপস্থিত ছিলেন মহানগর বিএনপির সহ-সভাপতি ও ১১ নং ওয়ার্ড সভাপতি সৈয়দ আহসান কবির হাসান, মহানগর বিএনপি’র সাধারণ সম্পাদক জিয়া উদ্দিন শিকদার, যুগ্ম-সম্পাদক সৈয়দ আকবর হোসেন প্রমুখ। সুত্র-যুগান্তর

গাংনীতে যুবদল ও উপজেলা বিএনপি’র উদ্যোগে খাদ্য সহয়তা প্রদান

মেহেরপুরের গাংনীতে পৃথক আয়োজনে জেলা যুবদল ও উপজেলা বিএনপির উদ্যোগে অসহায়ন পরিবারের মাঝে খাদ্য দেয়া হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ৮ টার জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে জেলা যুবদলের আয়োজনে ১১০টি অসহায় পরিবারের মাঝে এ খাদ্য সহায়তা দেয়া হয়।

পরে সকাল ৯ টার সময় ধানখোলা মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে উপজেলা বিএনপি’র উদ্যোগে ১৯০টি অসহায় পরিবারের মাঝে খাদ্য প্রদান করা হয়। জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুনের সহায়তায় ও সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

এ সময় জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুন তার সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। গাংনী পৌরসভাসহ উপজেলার ৯ ইউনিয়নে মোট ২ হাজার ৫ শ’টি অসহায় পরিবারের মাঝে খাদ্য সহায়তা প্রদান করা হবে। জেলা বিএনপি’র সহ-সভাপতি শহিদুল ইসলাম নাসির, জেলা বিএনপি’র যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান গাড্ডু, উপজেলা বিএনপি’র সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান রেজাউল হক, সাবেক বামন্দি ইউপি চেয়ারম্যান ও জেলা বিএনপি সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, সাবেক বামন্দি চেয়ারম্যান আব্দুল আওয়াল, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, জেলা যুবদলের সভাপতি ও সাবেক

ছাত্রনেতা জাহিদুল ইসলাম, নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সরকার আক্রান্ত ও মৃত্যুর সংখ্যাকে গুম করছে: রিজভী

কোভিড-১৯ এ আক্রান্ত ও মারা যাওয়া ব্যক্তিদের সঠিক পরিসংখ্যান সরকার জনসম্মখে তুলে ধরছে না বলে অভিযোগ করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেছেন, প্রতিদিনই লাশের সারি দীর্ঘ থেকে দীর্ঘতর হচ্ছে। একটি বিশেষজ্ঞ দলের জরিপে আসছে ৯২৯ জন লোক করোনা উপসর্গের মারা গেছেন। আর সরকার বলছে ২৬৯ জন মারা গেছেন। এই সরকার মৃত্যু ও আক্রান্তের সংখ্যাকে গুম করছে যেভাবে বিএনপি নেতাকর্মীদের গুম করেছে।

বৃহস্পতিবার সকালে রাজধানীর তোপখানা রোডে শিশু কল্যাণ পরিষদের সামনে জাতীয়তাবাদী সামাজিক সংস্থার (জাসাস) উদ্যোগে ত্রাণ বিতরণের সময় তিনি এসব কথা বলেন।

রিজভী বলেন, চীনে যখন করোনা শুরু হয়েছিল তখন থেকে আমাদের দেশে করোনা মোকাবেলায় প্রস্তুতি নিলে এত মানুষ আক্রান্ত ও মারা যেত না। যেসব দেশে আগাম প্রস্তুতি নিয়েছিল সেসব দেশে তেমন আক্রান্ত হয়নি। আর আমাদের দেশের সরকার তখন অন্য কাজে ব্যস্ত ছিল। এর পরিণতি এখন আমরা দেখছি।

তিনি বলেন, করোনা ভাইরাসের কারণে সবকিছু পরিবর্তন হয়েছে কিন্তু এই সরকারে কোনো পরিবর্তন দেখছি না। সরকারের পূর্বের আচরণ ও বৈশিষ্ট্য নিয়েই কাজ করছে। এই মহামারীর মধ্যেও আমাদের নেতাকর্মীদের গুম করা হচ্ছে। মামলা দেয়া হচ্ছে, গ্রেফতার করা হচ্ছে। ছাত্রদল নেতা রিপনকে তার বাড়ি থেকে মধ্যরাতে তুলে নেয়া হয়েছে। তারপর স্বীকার করা হয়নি। গতকাল তাকে থানায় দেয়া হয়েছে। এটা কিসের নমুনা?

বিএনপির নেতাকর্মীদের মিথ্যা মামলা দিয়ে হয়রানি করা হচ্ছে এমন অভিযোগ করে রিজভী বলেন, সবাই বলছে ঐক্যবদ্ধভাবে গরিব, দুস্থ মানুষের পাশে দাঁড়াই।কিন্তু সরকার সেদিকে কোন ভ্রুক্ষেপ না দিয়ে বিএনপি নেতাকর্মীদের বিরুদ্ধে মিথ্যা মামলা দিয়ে গ্রেফতার করছে।

বিএনপি জনগণের পাশে আছে জানিয়ে এই নেতা বলেন, আমরা সরকারের কোনো ত্রাণ পাই না। আজকে জাসাসের নেতারা নিজেদের টাকায় ত্রাণ দিচ্ছেন। তাহলে আপনারা কেন এত ক্ষুব্ধ হলেন? যারা ত্রাণ দিয়েছে তাদেরকে আপনারা কেন গুম মিথ্যা মামলা দিয়ে গ্রেফতার করছেন? এখানে আপনাদের চরিত্রের কোনো পরিবর্তন হয়নি।

বিএনপি’র সিনিয়র যুগ্ম মহাসচিব বলেন, একজন চিকিৎসক বলছেন ১০ দিন পরে যারা করোনায় আক্রান্ত হবেন তাদের আর সেবা দেয়া যাবে না। চিকিৎসা ব্যবস্থা সম্পূর্ণ ধ্বংস হয়ে গেছে। করোনা রোগীদের সেবা দিতে সরকার কোনো ব্যবস্থা নেয়নি বলে মৃত্যুর সারি দীর্ঘ থেকে দীর্ঘতর হচ্ছে। সরকার উন্নয়নের ফ্লাইওভার দেখাচ্ছেন। মানুষের জীবন বাঁচানোর পদক্ষেপ তো বড় উন্নয়ন।

সরকারের উদ্দেশে তিনি বলেন, আপনারা মানুষের জীবন না বাঁচিয়ে ফ্লাইওভার দেখাচ্ছেন। আজকে যদি ভালো ভালো হাসপাতাল তৈরি করতেন, ভেন্টিলেটরের ব্যবস্থা করতেন তাহলে এত মানুষ মারা যেত না। আপনারা ফটকা বাজার রাজনীতি করছেন। বিদেশে টাকা পাচার করছেন। আমরা সমাজতান্ত্রিক অর্থনীতি পুঁজিবাজার অর্থনীতি বিশ্বাস করি। আর আপনারা তৈরি করেছেন ক্যাসিনো সম্রাট। ক্যাপিটালিজমের কারণে দুই-একটি ফ্লাইওভার দেখিয়ে সম্রাট-খালেদ বাহিনী তৈরি করেছেন। ভালো হাসপাতাল তৈরি করে করোনা মোকাবেলায় কোন পদক্ষেপ নেননি। এটাই হচ্ছে দুর্ভাগ্য।

ত্রাণ বিতরণ অনুষ্ঠানে জাসাসের সভাপতি অধ্যাপক মামুন আহমেদের সভাপতিত্বে এবং জাসাসের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক জাকির হোসেন খোকনের পরিচালনায় আরও উপস্থিত ছিলেন- সহ সভাপতি ইথুন বাবু, জাহাঙ্গীর আলম রিপন, শাহরিয়ার ইসলাম শায়লা, ডাক্তার আরিফ, যুগ্ম সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম স্বপন, জাসাস নেতা শামসুল হক, এনামুল হক জুয়েল, ফারজানা, আহসান হাবীব, নোয়াব মিয়া, আশরাফুল ইসলাম, মিজানুর রহমান মিজান, শামসুদ্দিন ভূঁইয়া প্রমুখ।

পরে যাত্রাবাড়ীর ঈদগা ময়দানে জাপান বিএনপির আর্থিক সহায়তায় কয়েক

হাজার দুস্থ ও অসহায় মানুষের মাঝে ত্রাণ বিতরণ করেন রুহুল কবির রিজভী। ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির সহ-সভাপতি নবীউল্লাহ নবীর ব্যবস্থাপনায় এই ত্রাণ বিতরণ করা হয়।

এ সময় আরও উপস্থিত ছিলেন মহানগর বিএনপি নেতা আলমগীর নবীসহ স্থানীয় নেতারা।

দুপুরে সূত্রাপুরে দুটি স্পটে বিএনপির ঢাকা মহানগর দক্ষিণের সাধারণ সম্পাদক কাজী আবুল বাশারের উদ্যোগে দুস্থ ও অসহায় মানুষের মাঝে ত্রাণ বিতরণ করেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

৫০ লাখ পরিবারকে ঈদ উপহার প্রধানমন্ত্রীর

বৈশ্বিক মহামারী করোনাভাইরাসের সংক্রমণ থেকে বাঁচতে সামাজিক দূরত্ব বজায় রাখতে গিয়ে কর্মহীন হয়ে পড়া ৫০ লাখ গরিব ও দুস্থ পরিবারকে ঈদ উপহার দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

প্রতি পরিবারকে আড়াই হাজার টাকা ঈদের আগেই দেয়া হবে।বৃহস্পতিবার গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই কার্যক্রমের উদ্বোধন ঘোষণা করেন শেখ হাসিনা। একই সঙ্গে মোবাইল ব্যাংকিং/অনলাইন ব্যাংকিং ব্যবস্থা সম্বলিত বোতাম টিপে স্নাতক ও সমমান পর্যায়ের ২০১৯ খ্রিস্টাব্দের শিক্ষার্থীদের উপবৃত্তি ও টিউশন ফি বিতরণ কার্যক্রমেরও উদ্বোধন করেন।

বিকাশ, রকেট, নগদ ও সিওর ক্যাশের মত মোবাইল আর্থিক সেবার মাধ্যমে ৫০ লাখ পরিবারের মধ্যে সাড়ে ১২শ’ কোটি টাকার তহবিল বিতরণ করা হবে। প্রতি পরিবারে ধরা হয়েছে চার জন সদস্য, সেই হিসাবে এই নগদ সহায়তায় উপকার ভোগী হবে দুই কোটি মানুষ। প্রতিদিন ১০ লাখ মানুষ নগদ সহায়তা পাবেন এবং পুরো তহবিল ১৪ থেকে ১৮ মে’র মধ্যে বিতরণ করা হবে।

সারাদেশে জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, ইউনিয়ন চেয়ারম্যান, সদস্য, শিক্ষক, সমাজের গণ্যমান্য ব্যক্তিদের সমন্বয়ে গঠিত কমিটি এই সহায়তাপ্রাপ্তদের তালিকা তৈরি করেন।

তালিকাভুক্তদের মধ্যে নগদ, বিকাশ, রকেট, এবং শিউরক্যাশ এর মাধ্যমে সরাসরি চলে যাবে এই টাকা, ফলে বাড়তি কোনো ঝামেলা পোহাতে হবে না তাদের। টাকা পাঠানোর খরচ সরকার বহন করবে। এই টাকা উত্তোলন করতে ভাতাভোগীদের কোনো খরচ দিতে হবে না।

প্রধানমন্ত্রী এই কার্যক্রম উদ্বোধন করে বিত্তবানদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, অসহায়দের সহযোগিতায় আরও বেশি করে এগিয়ে আসুন। তিনি আওয়ামী লীগের নেতাকর্মীদের আবারও আহ্বান জানান, নিজ নিজ এলাকার অসহায় মানুষকে সাহায্য করতে এবং ধান কাটায় অংশ নিয়ে কৃষকদের কষ্ট লাঘব করতে। সব ধরনের পতিত জমিতে যেকোনো ধরনের ফসল ফলানোর উদ্যোগ নিতে দেশবাসীর প্রতি আহ্বান জানান তিনি।

তিনি বলেন, কোনো মানুষ যেন না খেয়ে কষ্ট না পায়। সরকার সেই চেষ্টা করছে। আপনারা মনোবল শক্ত করে যেকোনো কঠিন পরিস্থিতি মোকাবেলায় প্রস্তুত থাকবেন। সূত্র-যুগান্তর

ডিজিটাল নিরাপত্তা আইনের মামলায় আসামি হলেন এমএএস ইমন

মেহেরপুরের-২ আসনের সাবেক স্বতন্ত্র সংসদ সদস্য মকবুল হোসেনের বিরুদ্ধে পরের জমি দখল করার সংবাদ প্রকাশ করায় মেহেরপুর প্রতিদিন’র প্রকাশক ও রাজনীতিবিদ এমএএস ইমনের নামে ডিজিটাল আইনে মামলা দায়ের করা হয়েছে।

মামলায় পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন ও যুগ্ম সম্পাদক আল আমীনকেও আসামি করা হয়েছে। সংবাদ প্রকাশ করায় হেনস্থা করা ও গণমাধ্যম কর্মীদের ভীত সন্ত্রস্ত করার উদ্দেশ্যে উদ্দেশ্যে প্রণোদিত হয়ে এ মামলা করেছেন। আসুন জেনে নিই কে এই এমএএস ইমন। কি তার রাজনৈতিক পরিচয়।

১৯৯১ সালে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় থেকে মানবিক বিভাগ থেকে একমাত্র প্রথম শ্রেণী পাশ করেন তিনি। ১৯৯৩ সালে মেহেরপুর সরকারি কলেজ থেকে মানবিক বিভাগ থেকে প্রথম শ্রেণীতে এইচএসসি পাশ করেন। ১৯৯৩-১৯৯৪ সেশনে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান বিভাগে অনার্স ভর্তি হন। সেখান থেকে মাষ্টার্স সম্পন্ন করেন।

বাংলাদেশ ছাত্রলীগের রাজনীতির সাথে জড়িত হন ১৯৯২ সালে মেহেরপুর সরকারি কলেজে এইচএসসিতে ভর্তি হওয়ার পরই। ১৯৯২-১৯৯৩ সেশনের ছাত্রলীগ কমিটির সদস্য ছিলেন। ১৯৯৫ থেকে ১৯৯৮ পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে এসএম হল ছাত্রলীগের যুগ্ম সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন। ১৯৯৮ থেকে ২০০২ পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ কমিটির (সাজ্জাদ-আজিম) সমাজ সেবা সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন। ২০০২ থেকে ২০০৬ পর্যন্ত বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির (লিয়াকত-বাবু) সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। বর্তমানের তিনি বাংলাদেশ আওয়ামীলীগের প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন। এর আগে বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় কমিটিরসহ-সম্পাদকের দায়িত্বে ছিলেন।

দির্ঘ ২৮ বছরের রাজনৈতিক জীবনের পাশাপাশি তিনি রুপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী(পেট্রোবাংলার একটি কোম্পানী) পরিচালক, মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাবের সাধারণ সম্পাদক, বঙ্গবন্ধু পরিষদ মেহেরপুর জেলা শাখার যুগ্ম আহবায়ক, মেহেরপুর জেলা স্থল বন্দর বাস্তবায়ন আন্দোলন ফোরামের মুখপাত্র, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সলিমুল্লাহ হল অ্যালামনাই এসোসিয়েশনের কার্যকরি সদস্য, ঢাকাস্থ মেহেরপুর জেলা কমিউনিটির সদস্য, মেহেরপুর শিল্প ও বণিক সমিতির সদস্য হিসেবে বর্তমানে দায়িত্ব পালন করছেন।